

💵 হজ্জ, উমরা ও যিয়ারত গাইড

বিভাগ/অধ্যায়ঃ তাওয়াফ ও সাঈ : বিস্তারিত আলোচনা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

৩. তাওয়াফে বিদা বা বিদায়ি তাওয়াফ

বায়তুল্লাহ শরীফ হতে প্রত্যাবর্তনের সময় যে তাওয়াফ করা হয় তাকে তাওয়াফে বিদা বলে। এ তাওয়াফ কেবল বহিরাগতদের ক্ষেত্রে প্রযোজ্য। মঞ্চায় বসবাসকারীদের জন্য প্রযোজ্য নয়। যেহেতু মঞ্চায় বসবাসকারী হাজিদের জন্য প্রযোজ্য নয়, তাই এ তাওয়াফ হজ্জের অংশ কি-না তা নিয়ে বিতর্ক রয়েছে। কেননা হজ্জের অংশ হলে মঞ্চাবাসী এ থেকে অব্যাহতি পেত না। মুসলিম শরীফের একটি হাদিস থেকেও বুঝা যায় যে বিদায়ি তাওয়াফ হজ্জের অংশ নয়। হাদিসটিতে রাসূলুল্লাহ (ﷺ)বলেছেন, ئيلى المهاجريمكة بعد قضاء نسكه ئلاتا) বলেছেন, يقيم المهاجريمكة بعد قضاء نسكه ئلاتا) বলেছেন, يقيم المهاجريمكة بعد قضاء نسكه ئلاتا) বলেছেন, বার্য দ্বারা বুঝা যায় যে বিদায়ি তাওয়াফের পূর্বেই হজ্জের সমস্ত কাজ সম্পন্ন হয়ে যায়। তবে বহিরাগত হাজিদের জন্য বিদায়ি তাওয়াফ খুবই গুরুত্বপূর্ণ। হানাফি মাজহাবে ওয়াজিব। কেননা রাসূলুল্লাহ (ﷺ) তাগিদ দিয়ে বলেছেন, বায়তুল্লাহর সাথে শেষ সাক্ষাৎ না দিয়ে তোমাদের কেউ যেন না যায়।[2] তবে এ তাওয়াফ যেহেতু হজ্জের অংশ নয় তাই ঋতুম্রাবগ্রস্থ মহিলা বিদায়ি তাওয়াফ না করে মঞ্চা থেকে প্রস্থান করতে পারে।

ফুটনোট

[1] - মুসলিম : হাদিস নং ২৪০৯

[2] – ينفرن أحد حتى يكون آخر عهده بالبيت (यूजिय)

Source — https://www.hadithbd.com/books/link/?id=3497

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন